বিজিবি’র মর্টার গোলার আঘাতে মিয়ানমার সেনাবাহিনীর ২ কর্মকর্তাসহ ৪ সেনাসদস্য নিহত: আহত ৩

মেহেদী হাসান পলাশ:

বান্দরবান জেলার নাইক্ষ্যংছড়িতে বাংলাদেশ সীমান্ত রক্ষীবাহিনী বিজিবি ও মিয়ানমার সীমান্ত রক্ষীবাহিনী বিজিপি’র মধ্যে সংঘটিত গোলাগুলিতে মিয়ানমার সেনাবাহিনীর ২ কমকর্তাসহ ৪ জন নিহত এবং অপর ৩ জন আহত হয়েছে বলে বিশ্বস্ত সূত্রে জানা গেছে। গত ৩০ মে সংঘটিত গোলাগুলিতে বিজিবি’র ছোড়া মর্টার গোলার আঘাতে এ ঘটনা ঘটেছে।

সূত্র মতে, গত বুধবার মিয়ানমার সীমান্ত রক্ষী বাহিনী বিজিপি’র গুলিতে নিহত বিজিবি নায়েক সুবেদার মিজানুরের লাশ আনতে ৩০ মে বিজিবি’র চট্টগ্রাম অঞ্চলের প্রধান ব্রিগ্রেডিয়ার জেনারেল আহমদ হোসেনের নেতৃত্বে একটি টিম মিয়ানমার সীমান্তে যায়। এই টিমে আরো

ছিলেন বিজিবি’র কক্সবাজার সেক্টর কমাণ্ডার কর্নেল খন্দকার ফরিদ হাসান, নাইক্ষ্যংছড়ির ৩১ বিজিবি’র সিও লে. কর্নেল শফিকুর রহমানসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ। বিজিপি কর্তৃপক্ষ এসময় বাংলাদেশ টিমকে ৫২ পিলারের সন্নিকটে যাবার আহ্বান জানালে তারা লাশ গ্রহণের নিমিত্তে ৫২ পিলার এলাকায় গমন করে। এসময় মিয়ানমারের সীমান্ত রক্ষীবাহিনী সকল আন্তর্জাতিক আইন লংঘন করে বিজিবি’র উর্দ্ধতন কর্মকর্তাদের উপর নির্বিচারে গুলিবর্ষণ করতে শুরু করলে আত্মরক্ষার্থে বিজিবিও গুলি করতে বাধ্য হয়। এতে দুই পক্ষের মধ্যে খণ্ডযুদ্ধের মতো ব্যাপক গোলাগুলি চলতে থাকে। দুইপক্ষই মর্টার, রকেট লঞ্চার, মেশিনগানের মতো ভারী অস্ত্র ব্যবহার করতে শুরু করে।

নাম প্রকাশে অনিচ্ছুক একটি স্থানীয় সূত্র পার্বত্যনিউজকে নিশ্চিত করেছে, উভয়পক্ষের এই গোলাগুলির সময় বিজিবি’র ছোড়া একটি মর্টারের গোলা মিয়ানমার সীমান্ত রক্ষী বাহিনীর অবস্থানের উপর গিয়ে পড়লে ঘটনাস্থলেই দুই কর্মকর্তাসহ ৪ জন নিহত হয়। সূত্রটি আরো জানিয়েছে, পোস্টটি মিয়ানমার সীমান্ত রক্ষীবাহিনীর হলে সেখানে অবস্থান নিয়ে মিয়ানমার সেনাবাহিনী বাংলাদেশের দিকে গোলাবর্ষণ করছিল। ফলে নিহত ২ কর্মকর্তা ও ২ সদস্যের সকলেই মিয়ানমার সেনাবাহিনীর বলে জানা গেছে। এছাড়াও আহত অপর ৩জনও মিয়ানমার সেনাবাহিনীর সদস্য বলে জানা গেছে। তবে নিহত কর্মকর্তাদের পদবী সম্পর্কে সূত্রটি নিশ্চিত করতে পারেনি।

সূত্র আরো জানিয়েছে, আহত তিন সেনাসদস্যকে মংডু হাসপাতালে চিকিৎসা প্রদান করা হয়েছে। এসময় ঘটনাটি গোপন রাখতে মংডু হাসপাতালের নিরাপত্তা ব্যবস্থা ব্যাপকভাবে বৃদ্ধি করা হয়। তবে আহতদের শারিরীক অবস্থা আশঙ্কাজনক হওয়া গত রাতে তাদের মিয়ানমার সেনাবাহিনীর চিকিৎসা কেন্দ্রে স্থানান্তর করা হয়েছে বলে সূত্র জানিয়েছে।

তবে মিয়ানমারের কোন কর্তৃপক্ষ এ খবরের সত্যতা স্বীকার করেনি। কিন্তু বাংলাদেশের একটি শীর্ষ স্থানীয় গোযেন্দা সূত্র পার্বত্যনিউজকে এ খবরের সত্যতা নিশ্চিত করেছে।

আরও খবর

নতুন রাষ্ট্র সৃষ্টির ষড়যন্ত্র চলছে খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান এবং কক্সবাজার নিয়ে

কি ঘটবে পার্বত্য ভূমি কমিশন আইন সংশোধন প্রস্তাব কার্যকর হলে?